

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৭৩১

শান্তিরবাজার, ৩০ জানুয়ারি, ২০২৪

দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক পুষ্প ও সজি প্রদর্শনী

দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক পুষ্প ও সজি প্রদর্শনী এবং প্রতিযোগিতা আজ শান্তিরবাজার মুকুট অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি কাকলি দাস দত্ত এই প্রদর্শনী ও প্রতিযোগিতার উদ্বোধন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সহকারি সভাধিপতি বিভীষণ দাস, শান্তিরবাজার পুরপরিষদের ভাইস চেয়ারপার্সন সত্যৱত সাহা, পুরপরিষদের কাউন্সিলার নেপাল চন্দ্র দাস, উদ্যানপালন ও ভূমি সংরক্ষণ দপ্তরের প্রজেক্ট ম্যানেজার তরুণ কুমার দাস প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উদ্যান দপ্তরের উপাধিকর্তা সুবীর সাহা। পুষ্প ও সজি প্রদর্শনী উপলক্ষে বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষাবাদ বিষয়ে এক কৃষক প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ৭২৯ জন কৃষক অংশ নেন। পুষ্প ও সজি প্রদর্শনীতে অংশগ্রহণকারী ১০৪ জন কৃষককে পুরস্কৃত করা হয়।

\*\*\*\*\*